# Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 20 April, 2025

লালমনিরহাটের পাটগ্রাম উপজেলার দহগ্রাম বিওপির সীমান্তে বিএসএফ শূন্য লাইনের ৭০ গজের ভিতরে ভারতের পাশে মাটি খনন করছিল।তারা অত্যাধুনিক ভেকু মেশিন দিয়ে মাটি খননের কাজ করে আসছিল।বিষয়টি শনিবার বিকেলে বিজিবির নজরে আসে।তারা এতে বাধা দিলে বিএসএফ খনন কাজ বন্ধ রেখে চলে যায় বলে জানা গেছে।

রোববার (২০ এপ্রিল) দুপুরে বিষয়টি নিশ্চিত করেছেন বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) রংপুর ৫১ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মো. সেলিম আলদীন।

রংপুর ব্যাটালিয়ন (৫১ বিজিবি) এর অধীনস্থ পাটগ্রাম সীমান্তের দহগ্রাম বিওপির সীমান্ত পিলার ডিএএমপি ৭ এর নিকট এ খনন কাজ করে আসছিল।আন্তর্জাতিক আইন অনুযায়ী সীমারেখার ১৫০ গজের ভিতর উভয় দেশ কোন স্থাপনা, খনন ও পরিবর্তন করতে পারবে না। পরিবর্তন করতে হলে জিআরসি যৌথ বৈঠকের আলোচনায় সর্বসম্মতিতে করতে হবে।

কিন্তু শূন্য রেখা থেকে ৭০ গজের মধ্যে ভারতের অংশে ভারতের ৬ ব্যাটালিয়ন বিএসএফের তরুণ ক্যাম্পের কিছু সংখ্যক  সদস্য এ খনন কাজ করছিল।তারা ভারতীয় নাগরিকদের সহায়তায় ভেকু মেশিন দিয়ে মাটি খনন করছিল।এ মাটি তারা  ট্রলি/ট্রাক্টরে করে তরুণ ক্যাম্পের ভিতরে নিয়ে যায়।তথ্য পেয়ে বিজিবি দহগ্রাম বিওপির টহলদল দ্রুত ঘটনাস্থলে উপস্থিত হয় উক্ত কাজের তীব্র বাধা ও প্রতিবাদ জানায়।

বিজিবির বাধার মুখে বিএসএফ সদস্যরা শনিবার সন্ধ্যা থেকে কাজ বন্ধ করে দিয়ে ভেকু মেশিন এবং ট্রলি নিয়ে ফেরত যায়।এ ধরনের কাজের পুনরাবৃত্তি না ঘটানোর ব্যাপারে বিজিবি

টহল দলকে আশ্বস্থ করে বিএসএফ।এ ঘটনায় সীমান্ত এলাকায় নজরদারী ও টহল তৎপরতা বৃদ্ধি করেছে বিজিবি।

এ বিষয়ে বর্ডার গার্ড বাংলাদেশের (বিজিবি) রংপুর ৫১ ব্যাটালিয়নের অধিনায়ক লে. কর্নেল মো. সেলিম আলদীন বলেন, দহগ্রাম বিওপি সীমান্তের ৭০ গজের মধ্যে ভারতের পাশে মাটি খননের কাজ বিজিবির বাধায় বন্ধ রেখেছে বিএসএফ।

পরবর্তীতে যেন এ ঘটনার পুনরাবৃত্তি না ঘটে এ ব্যাপারে বিএসএফকে কড়া বার্তা দেয়া হয়েছে।ওই সীমান্তে বিজিবির টহল জোরদার করা হয়েছে।

বিজিবি সীমান্ত এলাকা বিএসএফ

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 18 June, 2025 13:39

URL: https://timestodaybd.com/rangpur/1127775807